

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৪৪১, তেজগাঁও, ঢাকা-১২০৮।

ই-মেইল- [dgdncbd@gmail.com](mailto:dgdncbd@gmail.com), Website : [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

নম্বর-৪৪.০৪.০০০০.০০৬.০৪.৭০৭.১৮- ৩৮৬৪

তারিখ: - ১২।০৭।২০১৮

বিভাগীয় মামলা নং- ০৮/২০১৮ এর ছড়ান্ত আদেশ

যেহেতু জনাব মাহবুবা রহমান, সিপাই(পরিচিতি নম্বর-৪৯৫০১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম সমুদ্র বন্দর, চট্টগ্রাম মেট্রোডেপ্টার-অঞ্চল, চট্টগ্রাম( সংযুক্ত: কক্সবাজার সার্কেল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কক্সবাজার) এ কর্মরত আছেন। ইতোপূর্বে আপনি প্রধান কার্যালয়, ঢাকার কমন সার্ভিস(ডেসপাস) শাখায় কর্মরত থাকাকালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নম্বর- ৪৪.০৪.০০০০.০০৫.১৮.১৬৮.১৮-১৯৪৭, তারিখ: ০৮/০৪/২০১৮ পত্রিত, প্রাপক: উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা বরাবর এবং পত্রিতের অনুলিপি: অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহী ও ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহীপ রিসের্ট, জালালপুর, পাবনা বরাবর প্রেরণ করার জন্য গত ০৯/০৪/২০১৮ তারিখে প্রশাসন(সনদ) শাখা হতে ডেসপাসে দেয়া হয়। তিনি উক্ত পত্রিতের অনুলিপি: অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহী ও ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহীপ রিসের্ট, জালালপুর, পাবনা বরাবর গত ১২/০৪/২০১৮ তারিখে প্রেরণ করেন। কিন্তু বর্তিত পত্রিতের মূল প্রাপক: উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা বরাবর ২৩/০৪/২০১৮ তারিখ প্রেরণ করেন অর্থাৎ পত্রিত গ্রহণ করার ১৪(চৌদ্দ) দিন পরে প্রেরণ করেন মর্মে অভিযোগ পাওয়া যায়; এবং

০২। যেহেতু অভিযুক্ত সিপাই জনাব মাহবুবা রহমান এর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ এর শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৮/২০১৮ রাজ্ঞি করে তার বরাবর অভিযোগনামা ও অভিযোগবিবরণী জারী করা হয়। তিনি গত ০৯ মে, ২০১৮ তারিখে উক্ত অভিযোগনামার লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। তৎপ্রেক্ষিতে ০৮ জুলাই, ২০১৮ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে অভিযুক্ত সিপাই জনাব মাহবুবা রহমান তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে অত্র বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু ব্যক্তিগত শুনানীকালে তিনি জানান, তিনি অধিদপ্তরের প্রশাসন শাখার নির্দেশে প্রধান কার্যালয়ের স্মারক নং- ৪৪.০৪.০০০০.০০৫.১৮. ১৬৮.১৮-১৯৪৭, তারিখ: ০৮/০৪/২০১৮ পত্রিত, প্রাপক: উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা বরাবর প্রেরণ করেননি। উক্ত পত্রিত ডেসপাস করার জন্য তার নিকট দেয়ার পর পত্রিতের ভুল সংশোধন করার জন্য প্রশাসন শাখা তার নিকট হতে পত্রিত নিয়ে যায়। পরবর্তীতে ২৩/০৪/২০১৮ তারিখ উক্ত পত্রিত ডেসপাস শাখার টেবিলে দেখতে পেয়ে তিনি এদিনই উহা ডেসপাস করেন। নথি পত্র পর্যালোচনায় পত্রিত বিলম্বে প্রেরণের জন্য অভিযুক্ত সিপাই জনাব মাহবুবা রহমান এর কোন ত্রুটি পরিলক্ষিত হয়নি মর্মে প্রতীয়মান হয়। সার্বিক বিবেচনায় পত্রিত বিলম্বে প্রেরণের জন্য এর দায়ভার উপ-পরিচালক(প্রশাসন) এর উপর বর্তায় বিধায় অভিযুক্তের বিরুদ্ধে অত্র বিভাগীয় মোকদ্দমাটি চালু রাখার মতো কোন উপযুক্ত ভিত্তি নেই; এবং

০৪। যেহেতু অভিযুক্ত সিপাই জনাব মাহবুবা রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তৎপ্রেক্ষিতে তার লিখিত জবাব ও মৌখিক জবাবদ্বী এবং মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র বিবেচনা করে তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ব্যক্তিগত শুনানীভূতে বিভাগীয় মামলা নং- ০৮/২০১৮ মূলে উত্থাপিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো; এবং

০৫। সেহেতু এক্ষনে জনাব মাহবুবা রহমান, সিপাই(পরিচিতি নম্বর-৪৯৫০১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম সমুদ্র বন্দর, চট্টগ্রাম মেট্রোডেপ্টার-অঞ্চল, চট্টগ্রাম( সংযুক্ত: কক্সবাজার সার্কেল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কক্সবাজার)কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) বিধি মোতাবেক ব্যক্তিগত শুনানীভূতে বিভাগীয় মামলা নং- ০৮/২০১৮ মূলে উত্থাপিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ জামান উলুহ আহমেদ)  
মহাপরিচালক।  
ফোন: ৮৮৭০০১।

বিতরণ:

- অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষক/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শুলনা/সিলেট/বরিশাল/গোয়েলা শাখা, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোডেপ্টার-অঞ্চল, চট্টগ্রাম।
- সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কক্সবাজার।
- জনাব মাহবুবা রহমান, সিপাই, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম সমুদ্র বন্দর, চট্টগ্রাম মেট্রোডেপ্টার-অঞ্চল, চট্টগ্রাম( সংযুক্ত: কক্সবাজার সার্কেল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কক্সবাজার)।
- অফিস কপি/ ব্যক্তিগত নথি/ গার্ড ফাইল।